গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মদন, নেত্রকোণা।
www.madan.netrokona.gov.bd

## বাংলা ১৪৩১ সনে সরকারি হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মদন উপজেলার নিম্নলিখিত ০৯টি হাট-বাজার ১৪৩১ বাংলা সনে (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ইজারার জন্য দরপত্র ক্রয় এবং দাখিল করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না।

| বিজ্ঞপ্তি নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম বার | ১৩.০৩.২০২৪ খ্রিঃ/ ২৯.১১.১৪৩০ বাংলা (রোজ বুধবার) বিকাল ৫.০০ ঘটিকা | ১৪.০৩.২০২৪ খ্রিঃ/৩০.১১.১৪৩০ বাংলা (রোজ বৃহস্পতিবার) বেলা ১.০০ ঘটিকা |
| ২য় বার | ২০.০৩.২০২৪ খ্রিঃ/০৬.১২.১৪৩০ বাংলা (রোজ বুধবার) বিকাল ৫.০০ ঘটিকা | ২১.০৩.২০২৪ খ্রিঃ/০৭.১২.১৪৩০ বাংলা (রোজ বৃহস্পতিবার) বেলা ১.০০ ঘটিকা |
| ৩য় বার | ২৭.০৩.২০২৪ খ্রিঃ/১৩.১২.১৪৩০ বাংলা (রোজ বুধবার) বিকাল ৫.০০ ঘটিকা | ২৮.০৩.২০২৪ খ্রিঃ/১৪.১২.১৪৩০ বাংলা (রোজ বৃহস্পতিবার) বেলা ১.০০ ঘটিকা |

সংশ্লিষ্ট হাট-বাজারের গত তিন বছরের গড় ইজারা মূল্য ও ৬% বৃদ্ধিসহ বাংলা ১৪৩১ সনের ইজারা যোগ্য হাট-বাজারের সম্ভাব্য সরকারি মূল্য এবং সিডিউল মূল্য নিম্নরুপঃ

| ক্রঃনং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারি মূল্য (তিন বছরের গড় ইজারা মূল্য ও ৬% বৃদ্ধিসহ) | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কাইটাইল | কাইটাইল বাজার | ৭২,২৮২/- | ৫০০.০০ | |
| ০২ | গোবিন্দশ্রী | পদমশ্রী সকাল বাজার | ১,৩৮,৬২৪/- | ১০০০.০০ | |
| ০৩ | মাঘান | যতীন্দ্রগঞ্জ বাজার | ৬,৩৪২/- | ৫০০.০০ | |
| ০৪ | মাঘান | জয়বাংলা বাজার | ৯৩,৪২০/- | ৫০০.০০ | |
| ০৫ | তিয়শ্রী | বালালী বাঘমারা বাজার | ৯৬,৫২৪/- | ৫০০.০০ | |
| ০৬ | তিয়শ্রী | তিয়শ্রী বাজার | ৫৬,৭১০/- | ৫০০.০০ | |
| ০৭ | নায়েকপুর | সিংহের বাজার | ৫৬,৯৫১/- | ৫০০.০০ | |
| ০৮ | ফতেপুর | হাটশিরা বাজার | ৪১,৫১৬/- | ৫০০.০০ | |
| ০৯ | ফতেপুর | হাসনপুর বাজার | ১,১৫,১৮৭/- | ১০০০.০০ | |

দরপত্র সমূহের সিডিউল উল্লিখিত তারিখ পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মদন; সোনালী ব্যাংক লিঃ, মদন শাখা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, মদন থানা হতে নির্ধারিত মূল্যে(অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। ক্রয়কৃত সিডিউল উল্লিখিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন; সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, মদন; পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা এবং জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা-এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহন করা হবে। ঐ দিনই বেলা ৪.০০ টায় উপস্থিত দরপত্রদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র খোলা হবে। ১ম বার যেসব হাটের দরপত্র গৃহীত হবে ২য় বার সেসব হাটের দরপত্র বিক্রয় করা হবে না। অনুরূপভাবে ২য় বার যে সব হাটের দরপত্র গৃহীত হবে ৩য় বার সে সব হাটের দরপত্র বিক্রয় করা হবে না।

কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময়ে যে কোন দরপত্র স্থগিত/বাতিল এবং গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উদ্ধৃত মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে। অন্যান্য শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

(মোঃ শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।
E-mail: unomadan@yahoo.com

স্মারক নং-০৫.৪৫.৭২৫৬০০০.৩৩.০০১.১৯-৬৬ তারিখঃ ২৮ জানুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. পুলিশ সুপার, নেত্রকোণা। দরপত্র গ্রহণের জন্য নির্ধারিত তারিখ তাঁর কার্যালয়ে দরপত্র বাক্স সংরক্ষণ করার জন্য এবং বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র বাক্সে দাখিলকৃত দরপত্রসমূহ ঐ দিনই বেলা ২:০০ ঘটিকার মধ্যে এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা। দরপত্র গ্রহণের জন্য নির্ধারিত তারিখ স্থানীয় সরকার শাখায় দরপত্র বাক্স সংরক্ষণ করার জন্য এবং বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র বাক্সে দাখিলকৃত দরপত্রসমূহ ঐ দিনই বেলা ২:০০ ঘটিকার মধ্যে এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নেত্রকোণা ।
০৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ-

০১. সহকারী কমিশনার (ভূমি), মদন, নেত্রকোণা।
০২. উপজেলা ...................................................অফিসার(সকল), মদন, নেত্রকোণা।
০৩. অফিসার ইন চার্জ, মদন থানা, মদন, নেত্রকোণা।
০৪. ম্যানেজার.......................................................................................................নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান............................................................ (সকল) ইউনিয়ন পরিষদ, মদন, নেত্রকোণা।
০৬. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা......................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, মদন, নেত্রকোণা। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি তার আওতাধীন হাট-বাজার সমূহে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭. সম্পাদক, ...............................................................................। উক্ত বিজ্ঞপ্তিটি ছোট্ট পরিসরে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৪x১০ইঞ্চি কলামে সকল সংস্করণে একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৮. ইজারাদার, ................................................ বাজার, ১৪৩০ বাংলা সন, মদন, নেত্রকোণা।
০৯. নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মদন, নেত্রকোণা।
www.madan.netrokona.gov.bd

## হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ

১. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে উল্লেখিত দরের ৫% অর্থ জামানত হিসাবে যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। জমাকৃত ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যার্পন করা হবে।

৩. দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের সাকুল্য টাকা ও অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর অবশ্যই একই সঙ্গে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার বরাবর পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের ইজারা কার্যক্রম বাতিল করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্য হতে কম হয়, তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী ইজারামূল্যের চেয়ে কম হয়, তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবেনা। দরপত্র জমা দেয়ার দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। প্রথম দফার জন্য বিক্রয়কৃত দরপত্র দ্বিতীয়/তৃতীয় দফার দরপত্র হিসাবে ব্যবহার করা যাবেনা।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল, রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা গ্রহন করবেন। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতিপৃষ্টায় স্বাক্ষর করিতে হইবে

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব- লিজ দিতে পারবে না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয়, তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. দরপত্র গৃহীত হওয়ার ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি বা লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@yahoo.com